

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৭৩

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আশা আকাজ্ফা ও উদ্বেগ প্রসঙ্গ

الفصل الاول (باب الأمل والحرص)

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَوْ كَانَ لِابْنِ آدَمَ وَاديَانِ مِنْ مَالٍ لَابْتَغَى ثَالِقًا وَلَا يَمْلَأُ جَوْفَ ابْنِ آدَمَ إِلَّا التُّرَابُ وَيَتُوبُ اللَّهُ عَلَى مَنْ تَابَ» . مُتَّفَقُ عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (6436) و مسلم (118 / 1049)، (2418) ـ (مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫২৭৩-[৬] ইবনু আব্বাস (রাঃ) নাবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আদম সন্তানকে ধন-সম্পদে পরিপূর্ণ দুটি উপত্যকাও যদি দেয়া হয়, সে তৃতীয়টির আকাজ্জা করবে। মূলত আদম সন্তানের পেট মাটি ছাড়া অন্য কিছুই পরিপূর্ণ করতে পারবে না, আর যে আল্লাহর কাছে তাওবাহ করে আল্লাহ তার তাওবাহ্ কবুল করেন। (বুখারী ও মুসলিম)।

ফুটনোট

সহীহ বুখারী ৫৪৩৬, মুসলিম ১১৬-(১০৪৮), তিরমিয়ী ২৩৩৭, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ১৭১৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৯০৭, মুসানাফ আবদুর রায্যাক ১৯৬২৩, মুসনাদে আহমাদ ১৯২৯৯, আবু ইয়া'লা ২৮৪৯, সহীহ ইবনু হিব্বান ৩২৩৬, শুআবুল ঈমান ১০২৭৪, দারিমী ২৭৭৮, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ৪৮৯২, আল মু'জামুল আওসাত্ব ২৮৮৩।

ব্যাখ্যা



মানুষের সম্পদের লোভ এবং দরিদ্রতাভীতি হলো বুখালতি বা কৃপণতার মূল কারণ। এমনকি নিজের ব্যাপারেও সে কৃপণতা করে থাকে। এর দৃষ্টান্ত ঐ পিপাসিত পাখির চেয়েও অধিক যে সাগরের উপরে পিপাসা নিয়ে উড়ে বেড়ায় কিন্তু সাগরের পানি শেষ হয়ে যাওয়ার ভয়ে না খেয়ে মারা যায়।

উপরে উল্লেখিত ব্যক্তিদের মধ্যে যারা তাওবাহ করবে আল্লাহ তাদের তাওবাহ্ কবুল করবেন। অর্থাৎ যে আল্লাহর রহমতের দিকে ফিরে আসবে এবং তার রহমত কামনা করবে আল্লাহ তাকে তার রহমতের আশ্রয়ে গ্রহণ করবেন। (মিরক্লাতুল মাফাতীহ; আল লুম'আহ্ ৮ম খণ্ড, ৪৮৯ প্র)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন